সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং ৩৮৫
তারিখ ২১/১/২৬
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dtca.gov.bd

স্মারক নং- ৩৫.০২.০০০০.০০০.০১২.৯৯.০০০৩.২৫-১৮ তারিখঃ ১৫ জানুয়ারি, ২০২৬ খ্রি.

**বিষয়ঃ** **ডিটিসিএ-তে ২০২৫-২৬ অর্থবছরে ০২ (দুই) জন ইন্টার্ণশিপ কোর্স চালু সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধীন ০৪ (চার) মাস মেয়াদে ০২ (দুই) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে।

২। উক্ত ইন্টার্ণশিপ কোর্সের বিজ্ঞপ্তিটি পরবর্তী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৫/০১/২০২৬
সৈয়দ মাহফুজ-উল-ইসলাম
আরবান প্ল্যানার (চলতি দায়িত্ব), ডিটিসিএ
ও
সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি

**বিতরণঃ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/ ম্যাস ট্রানজিট), ডিটিসিএ।
২। অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই), ডিটিসিএ ও সভাপতি সংশ্লিষ্ট কমিটি।
৩। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ।
৪। ট্রেনিং এডভাইজার, ডিটিসিএ।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। [বিজ্ঞপ্তিটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ওয়েবসাইট (https://rthd.portal.gov.bd) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ।]
৬। সিনিয়র রোড সেফটি স্পেশালিষ্ট (চ:দা), ডিটিসিএ ও সদস্য সংশ্লিষ্ট কমিটি।
৭। হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ।
৮। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার (চলতি দায়িত্ব), ডিটিসিএ ও সদস্য সংশ্লিষ্ট কমিটি।
৯। ডেপুটি আরবান প্ল্যানার ও ইন্টার্নশিপ সুপারভাইজার, ডিটিসিএ।
১০। প্রোগ্রামার, ডিটিসিএ (বিজ্ঞপ্তিটি ডিটিসিএ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপিঃ**

১। নির্বাহী পরিচালকের একান্ত সচিব (নির্বাহী পরিচালকের সদয় অবগতির জন্য)।
২। মাস্টার/অফিস কপি।

E:\DTCA\DTCA Others File\...\Forwarding Letter.doc

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও , ঢাকা-১২০৮
www.dtca.gov.bd

স্মারক নং- ৩৫.০২.০০০০.০০০.০১২.৯৯.০০০৩.২৫-৩৭

০১ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------------
১৫ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

## ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধীন ০৪ (চার) মাস মেয়াদে ০২ (দুই) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলঃ

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবেঃ

ক) নির্দিষ্ট করিডোরে নন-মোটরাইজড ট্রান্সপোর্ট (NMT) লেন বিষয়ে প্রস্তাবনা তৈরি;
খ) বিভিন্ন স্থাপনার ট্রাফিক ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট (TIA) নির্ণয় পদ্ধতি;
গ) Increase of Motorcycle ridership in Dhaka city. (Remedial Possible) initiatives for remedial measure;
ঘ) Bus route rationalization work.
ঙ) Safe system approach prospect & potential in Bangladesh.
চ) Adaptation of Electric Vehicle (EV) in the transport sector: Government Readiness and Implementation Strategies.

০২। আবেদনের যোগ্যতাঃ

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইউআরপি/সিভিল/ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবেন।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে;

০৪। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে;

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতায় নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে;

০৭। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ অনুযায়ী ইন্টার্নশিপ ভাতা প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে;

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে;

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না;

১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করতে পারবে;

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল, ডাকযোগে/মোবাইলে জানানো হবে;

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৩। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) বা এর আওতায় বাস্তবায়নাধীন কোনো প্রকল্পে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবেন না;

১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

CamScanner

১৫। ইন্টার্ণশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর ওয়েবসাইট **www.dtca.gov.bd** থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পুরণকরতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক আবেদনপত্র **আগামী ২৯ জানুয়ারি, ২০২৬ তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮**-এর বরাবরে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে; এবং

১৬। মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের মুলকপি প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

15/02/2026

মোহাম্মদ রবিউল আলম
অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ



CamScanner

# ইন্টার্নশিপ এর আবেদন ফরম

সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি

বরাবর
**নির্বাহী পরিচালক**
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮

**বিষয়ঃ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধীন ইন্টার্নশিপ এর জন্য আবেদন**

| | | |
|---|---|---|
| ১. | বিজ্ঞপ্তির স্মারক নম্বর:৩৫.০২.০০০০.০০০.০১২.৯৯.০০০৩.২৫- | তারিখ: দি ন মা স ব ৎ স র |
| ২. | প্রার্থীর নাম: | বাংলায়: <br> ইংরেজিতে (বড় অক্ষরে): |
| ৩. | জাতীয় পরিচয়পত্রের নম্বর | |
| ৪. | জন্ম তারিখ: | ৫. জন্মস্থান (জেলা): |
| ৬. | মাতার নাম: | |
| ৭. | পিতার নাম: | |
| ৮. | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
| ৯. | যোগাযোগ: মোবাইল নম্বর: | ই-মেইল: |
| ১০. | জাতীয়তা: | ১১. জেন্ডার: |
| ১২. | ধর্ম: | ১৩. পেশা (যদি থাকে): |

**১৪. শিক্ষাগত যোগ্যতা**

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | সিজিপিএ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৫. অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে):

১৬. যে বিষয়ে ইন্টার্নশিপ করতে ইচ্ছুক:

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সত্য। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি প্রদর্শন করব এবং এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিব। কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

আবশ্যিক সংযুক্তি:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(খ) সকল শিক্ষাগত যোগ্যতার মার্কশিটের সত্যায়িত ফটোকপি; এবং
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

তারিখ: দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর

CamScanner